৩য় অংশ

ভাড়া গ্রহণের সংক্ষিপ্ত নিয়মাবলী ও ভাড়ার পরিমাণ

ক্রমিক	বরাদ্দকারী	অনুষ্ঠানের নাম	হলভাড়া	ভ্যাট	বিদ্যুৎবিল	গ্যাসচার্জ	সাউন্ডসিস্টেম	ষ্টেজ	কিচেন সার্ভিসচার্জ	কভারডেস চার্জ	মোট টাকা
ক।	সামরিক ব্যক্তিবর্গ (কর্মরত(অবঃ) শুধু মাত্র সেনাবাহিনী	বিয়ে/বৌভাত	১৫,০০০/-	২,২৫০/-	৭,০০০/-	১,৭৫০/-	৩,০০০/-	১,০০০/-	২,০০০/-	১,০০০/-	৩৩,০০০/-
খ।	নৌ ও বিমান বাহিনীতে কর্মরত সামরিক ও বেসামরিক ব্যক্তিবর্গ	বিয়ে/বৌভাত	৪০,৫০০/-	৬,০৭৫/-	৭,০০০/-	১,৯০০/-	৩,০০০/-	১,০০০/-	২,০০০/-	২,০০০/-	৬৩,৪৭৫/-
গ।	সেনাবাহিনীতে কর্মরত বেসামরিক ব্যক্তিবর্গ	বিয়ে/বৌভাত	১৭,০০০/-	২,৫৫০/-	৭,০০০/-	২,০০০/-	৩,০০০/-	১,০০০/-	১,৪৫০/-	১,০০০/-	৩৫,০০০/-
ঘ।	সমর্থিত বেসামরিক ব্যক্তিবর্গ	অনুমোদিত সকল অনুষ্ঠান	৫৪,০০০/-	৮,১০০/-	৭,০০০/-	১,৯০০/-	৩,০০০/-	১,০০০/-	২,০০০/-	২,০০০/-	৭৯,০০০/-
ঙ।	ক্রমিক 'ক' ও 'খ' এ উল্লেখিত ব্যক্তিবর্গ	বিয়ে/বৌভাতব্যতিত অন্যান্য অনুষ্ঠান	৫৪,০০০/-	৮,১০০/-	৭,০০০/-	১,৯০০/-	৩,০০০/-	১,০০০/-	২,০০০/-	২,০০০/-	৭৯,০০০/-

নোট ঃ ১। উপরোক্ত ভাড়ার হার এবং যে কোন শর্তাবলী কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশে পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করে।
২। সরকারী ছুটির দিনের জন্য হলি ডে চার্জ সামরিক ও সেনাবাহিনীতে কর্মরত বেসামরিক ব্যক্তিবর্গের জন্য ২,০০০/- টাকা এবং বেসামরিক ব্যক্তিবর্গের জন্য ৫,০০০/- টাকা ভাড়ার সাথে যোগ হবে।
৩। দিনের অনুষ্ঠানের জন্য আলোকসজ্জা বাবদ ৭,০০০/- টাকা ছাড় পাওয়া যাবে।

নিয়মাবলী

১। অনুষ্ঠানাদির জন্য ভাড়ার টাকা ট্রাষ্ট মিলনায়তন তহবিলে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে, নগদ অর্থ/ চেক গ্রহণযোগ্য নয়।

২। অনুষ্ঠানের ০৭ দিন পূর্বে অনুষ্ঠান সম্পর্কিত সকল পাওনা পরিশোধ করতে হবে।

৩। গ্রাহকগন প্রতি অনুষ্ঠানের জন্য নিরাপত্তা জামানত বাবদ ৪০,০০০.০০ (চল্লিশ হাজার মাত্র) টাকা নগদ ফেরতযোগ্য অনুষ্ঠানের কমপক্ষে ১৫ দিন পূর্বে ট্রাষ্ট মিলনায়তনকে প্রদান করবে , যা অনুষ্ঠান শেষে ফেরত প্রদান করা হবে ।

৪। নির্ধারিত অনুষ্ঠান বাতিল বা অনুষ্ঠানের তারিখ পরিবর্তনের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়ম পালন করা হবেঃ

ক। ৪৫ দিন পূর্বে বুকিং বাতিল/তারিখ পরিবর্তনের ক্ষেত্রে জমাকৃত টাকার - ১০% কর্তন।
খ। ৪৪-৩১ দিন পূর্বে বুকিং বাতিল/তারিখ পরিবর্তনের ক্ষেত্রে জমাকৃত টাকার - ২৫% কর্তন।
গ। ৩০-০৮ দিন পূর্বে বুকিং বাতিল/তারিখ পরিবর্তনের ক্ষেত্রে জমাকৃত টাকার - ৭৫% কর্তন।
ঘ। অনুষ্ঠানের বুকিং বাতিল করলেই ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা কর্তন করা হবে।

৫। অনুষ্ঠান বাতিলের জন্য ৭ দিন পূর্বে আবেদন না করলে ভাড়ার জন্য প্রদত্ত অর্থ ফেরৎ দেয়া হবে না।

৬। রাতের অনুষ্ঠানের জন্য আলোকসজ্জা বাধ্যতামূলক।

৭। কোন গ্রাহক অতিরিক্ত আলোকসজ্জা করতে চাইলে মিলনায়তন কর্তৃপক্ষের পূর্বানোমতি স্বাপেক্ষে নিজ খরচে তা করতে পারবেন।

৮। মিলনায়তনের সাউন্ড সিষ্টেম এর সাথে প্রয়োজনে অতিরিক্ত সাউন্ড সিষ্টেম ব্যবহার করা যাবে।

৯। বিদেশী ও রাজনৈতিক অতিথি। বিদেশী ও রাজনৈতিক অতিথি আপ্যায়ন যদি আবশ্যক হয়ে পড়ে সেক্ষেত্রে ব্যবহারকারী প্রত্যেক বিদেশী ও রাজনৈতিক অতিথির জন্য নির্ধারিত ফরম পূরন পূর্বক তাদের উপস্থিতি নিশ্চিত করবেন।

১০। হল এলাকায় কোন প্রকার আতশবাজী বা পটকা ফুটানো সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

১১। বরাদ্দকৃত সময় ও অতিরিক্ত চার্জ। মার্চ-সেপ্টেম্বর (দিনেঃ ১০০০ ঘটিকা হতে ১৬০০ ঘটিকা এবং রাতে ১৮০০ ঘটিকা হতে ২৪০০ ঘটিকা । অক্টোবর-ফেব্রুয়ারি (দিনেঃ ১০০০ঘটিকা হতে ১৬০০ ঘটিকা এবং রাতে ১৮০০ ঘটিকা হতে ২৪০০ ঘটিকা পর্যন্ত মিলনায়তন ব্যবহার করা যাবে। সময় সীমার অতিরিক্ত প্রতি ঘন্টা ব্যবহারের জন্য ১৫,০০০/- টাকা অতিরিক্ত চার্জ প্রদান করতে হবে। ষ্টেজ সাজানোর জন্য উপরোক্ত সময়ের ০২ ঘন্টা পূর্বে হল খুলে দেয়া হবে।

১২। কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে ০৩ দিন পূর্বে যে কোন অনুষ্ঠান বাতিলের ক্ষমতা সংরক্ষিত রাখে।

১৩। ভাড়ার সাথে বিশেষ সুবিধাসমূহ ঃ-

- ✓ এসি ঃ সর্ব্বোচ্চ ০৫ (পাঁচ) ঘন্টা ব্যবহার করা যাবে।
- ✓ বসার ব্যবস্থাঃ । খাবার ৩০০ জন প্রতি ব্যাচে, গোল ~~টেবিল ঃ ৫০ টি~~, সোফা সেট (৫ সিটের) ঃ ১২ সেট এবং বর-কনের জন্য ২ সিটের ঃ ০১ টি সোফা
- ✓ কার পার্কিং ঃ ১০০ টি কার।
- ✓ বিদ্যুৎ ব্যবস্থা ঃ সর্বক্ষণ (ষ্ট্যান্ডবাই জেনারেটর)।
- ✓ নিরাপত্তা প্রহরী ঃ সর্বক্ষণ।
- ✓ ষ্টেজের অবকাঠামো ঃ ১টি।
- ✓ সিসি টিভি ক্যামেরাঃ ব্যবস্থা আছে।

১৪। গ্রাহকগণ শুধুমাত্র ট্রাষ্ট মিলনায়তনের তালিকাভুক্ত ক্যাটারিং সার্ভিস প্রতিষ্ঠানের নিকট থেকে খাবার সরবরাহ করতে পারবেন । ফ্রোকারিজ/ক্যাটলারিজ/রান্নার সরঞ্জামাদি/চেয়ারের কভার (সাদা/টেবিলের ঝালর/ওয়েটার/ক্লিনার/সার্ভিস বয় বাবদ জনপ্রতি ৮০/- টাকা হারে সার্ভিস চার্জ) ট্রাষ্ট মিলনায়তনকে প্রদান করতে হবে।। তালিকাভুক্ত ক্যাটারিং সার্ভিস প্রতিষ্ঠান ট্রাষ্ট মিলনায়তনকে ২৫/- হারে ক্যাটারিং চার্জ পরিশোধ করবে।

১৫। গ্রাহকগণ শুধুমাত্র ট্রাষ্ট মিলনায়তনের তালিকাভুক্ত ইভেন্টস ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানের নিকট থেকে সকল প্রকার ডেকোরেশন করাতে পারবেন। তালিকাভুক্ত ইভেন্টস ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান ট্রাষ্ট মিলনায়তনকে তাদের চুক্তি মোতাবেক ইভেন্টস ম্যানেজমেন্ট /ডেকোরেশন চার্জ পরিশোধ করবে।

১৬। সাশ্রয়ী হারে ভাড়ার সুযোগ সামরিকঃ সেনাবাহিনীতে কর্মরত /অবসরপ্রাপ্ত ব্যক্তিবর্গ/কর্মরত বেসামরিক ব্যক্তিবর্গ এবং নৌ/বিমান বাহিনীতে কর্মরত সামরিক/বেসামরিক ব্যক্তিবর্গ নিজের/নিজ সন্তানগণের শুধু বিয়ে/ বৌ-ভাত অনুষ্ঠানের জন্য পাবেন।

১৭। সর্ব প্রকার বখ্‌শিশ বা টিপ্‌স নিষিদ্ধ।

১৮। ব্যবহারকারী অত্র মিলনায়তনের কোন আসবাবপত্র নষ্ট করলে/ ভাঙ্গলে তা প্রতিস্থাপনের/ মেরামতের খরচ ব্যবহারকারীকে বহন করতে হবে।

১৯। অনুমোদিত অনুষ্ঠানাদি ঃ

ক। গায়ে হলুদ, বিবাহ, বৌ-ভাত, এনগেজমেন্ট, বিবাহ বার্ষিকী।
খ। জন্মদিন, আকিকা, সুন্নতে খাৎনা, কুলখানি, মিলাদ মাহফিল, ইফতার পার্টি।
গ। বাৎসরিক সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান (ব্যান্ড শো বা কনসার্ট ব্যতীত)।
ঘ। অন্য যে কোন ঘরোয়া অনুষ্ঠান।

২০। উপঢৌকন ও মূল্যাবান সামগ্রী অনুষ্ঠান আয়োজনকারী নিজ দায়িত্বে রাখবেন। হারানোর জন্য হল কর্তৃপক্ষ দায়ী হবে না।

২১। ট্রাষ্ট মিলনায়তনের অভ্যন্তরে কোন অবস্থাতেই গ্রাহকগন গরু, ছাগল বা অন্যান্য গবাদি পশু জবাই করতে পারবেনা এবং অবশ্যই নিজ দায়িত্বে মাংশ বানিয়ে নিয়ে আসতে হবে। অনুষ্ঠান শেষে অতিরিক্ত খাবার গ্রাহকগন নিজস্ব ব্যবস্থাপনায় নিয়ে যাবে এজন্য ট্রাষ্ট মিলনায়তন থেকে কোন পাতিল/তৈজসপত্র প্রদান করা হবে না।

২২। অনুষ্ঠান চলাকালীন সময়ে কোন প্রকার অনাকাঙ্গিত ঘটনা ঘটলে হল কর্তৃপক্ষকে জানাতে হবে। কোন অবস্থাতেই গ্রহকগণ নিজে কোন সিদ্ধান্ত নিতে পারবে না।